



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৭ মার্চ ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আজ ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩-তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সকাল দশটায় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলমের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ থেকে এক শোভাযাত্রা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে গিয়ে শেষ হয়। শোভাযাত্রা উদ্বোধনকালে উপাচার্য বলেন, বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক এবং অবিচ্ছেদ্য। তিনি স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা করেছেন। বঙ্গবন্ধু সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছেন। বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা বর্তমান প্রধানমন্ত্রী জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নের জন্য নিরলস পরিশ্রম করছেন। এখন বঙ্গবন্ধুর কন্যা স্মার্ট বাংলাদেশ গড়ার রূপকল্প ঘোষণা করেছেন। এই রূপকল্প বাস্তবায়নে সকলকে অংশীদার হতে হবে। শোভাযাত্রায় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক), আবাসিক হল সমূহের প্রভোস্ট, প্রক্টর, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক, অফিসার ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। শোভাযাত্রা শেষে উপাচার্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে 'বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে' শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এরপর বিভিন্ন ইনস্টিটিউট, বিভাগ, আবাসিক হলের প্রভোস্ট, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ এবং পেশাজীবী বিভিন্ন সংগঠন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে। শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর জাতির পিতা আত্মার শান্তি কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

জাতির পিতার জন্মদিন উপলক্ষে বেলা সাড়ে এগারোটায় কলা ও মানবিকী অনুষদের নতুন ভবনের শিক্ষক লাউঞ্জে এবং বেলা বারোটায় নতুন প্রশাসনিক ভবনের সামনে বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদ কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করে। এছাড়াও দিবসটি উপলক্ষে জাবি শাখা ছাত্রলীগ নানা ধরনের কর্মসূচির আয়োজন করে। এদিন সকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এডভেঞ্চার ক্লাব সাইকেল রেস প্রতিযোগিতার আয়োজন করে। বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষে জাবি স্কুল ও কলেজে রচনা প্রতিযোগিতা এবং পুরাতন কলা ও মানবিকী অনুষদ চত্বরে শিশু কিশোরদের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

দিনব্যাপী কর্মসূচির মধ্যে বাদ আছর জাতির পিতার আত্মার শান্তি কামনায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদসহ সকল মসজিদে দোয়া এবং অন্যান্য উপসানালয়ে প্রার্থনার আয়োজন করা হয়।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)